খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।

| | | |
|---|---|---|
| বিষয় | : | কেডিএ'র নৈতিকতা কমিটির ২০২১-২০২২ অর্থ বছরের ২য় ত্রৈ-মাসিক (অক্টোবর/ ২০২১ - ডিসেম্বর/ ২০২১) সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | ব্রিগেডিয়ার জেনারেল এস এম মিরাজুল ইসলাম, এএফডব্লিউসি, পিএসসি, চেয়ারম্যান, কেডিএ, খুলনা। |
| সভার স্থান | : | কেডিএ সম্মেলন কক্ষ। |
| তারিখ | | ২২ ডিসেম্বর, ২০২১ । |
| সময় | : | বেলা ২:৩০ ঘটিকা। |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-'ক'। |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর মন্ত্রণালয়ে প্রেরিত কেডিএ'র ২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার পরিবীক্ষণ কাঠামোর প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। সে অনুযায়ী ২য় ত্রৈ-মাসিক (অক্টোবর/২০২১ -ডিসেম্বর/২০২১) সভার কার্যক্রম শুরু করার জন্য সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করেন। সে আলোকে সভার কার্যক্রম শুরু হয়।

আলোচ্যসুচী অনুযায়ী কেডিএ'র ২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার পরিবীক্ষণ কাঠামোতে বর্ণিত ২য় ত্রৈ-মাসিকের (অক্টোবর/২০২১-ডিসেম্বর/২০২১) কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় । আলোচনায় নৈতিকতা কমিটির সদস্যগণ তাঁদের সুচিন্তিত মতামসহ কাঠামোতে বর্ণিত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন । বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। | • কেডিএ'র নৈতিকতা কমিটির ২০২১-২০২২ অর্থ বছরের ১ম ত্রৈ-মাসিক (জুলাই/২০২১-সেপ্টেম্বর/ ২০২১) সভার সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হলো। | বাস্তবায়ন সংশ্লিষ্ট শাখা ও কর্মকর্তাবৃন্দ। |
| ২. | নৈতিকতা কমিটি পুনর্গঠন। | • কেডিএ'র সার্বক্ষনিক সদস্য (এস্টেট) বীর মুক্তিযোদ্ধা জনাব আবুল কালাম আজাদ এবং নির্বাহী প্রকৌশলী (প্রকল্প) (চঃদাঃ) জনাব মোরতোজা আল মামুনকে সদস্য হিসাবে বর্তমান কমিটির সাথে অন্তর্ভুক্ত করে নৈতিকতা কমিটি পুনর্গঠন করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>• এবিষয়ে প্রশাসন ও সাধারণ শাখা কর্তৃক একটি অফিস আদেশ জারী করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ-পরিচালক (প্রশাসন) |
| ৩. | স্টেক হোল্ডারগণের সাথে সভা। | • ২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার পরিবীক্ষণ কাঠামোর লক্ষ্যমাত্রা মোতাবেক বর্ণিত ৩য় ত্রৈ-মাসিকের (জানুয়ারি/২০২২-মার্চ/২০২২) মধ্যে কেডিএ'র স্টেক হোল্ডারগণের সাথে ২ টি (কেডিএ আন্তঃ জেলা বাস টার্মিনাল ও কেডিএ রূপসা মার্কেট) এবং খুলনা মেট্রোপলিটন পুলিশ এর সাথে সভা অনুষ্ঠান করতে হবে এবং সভার কার্যবিবরণী নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | পরিচালক (এস্টেট), উপ-পরিচালক (প্রশাসন) |
| ৪. | কর্ম পরিবেশ উন্নয়ন । | • শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ১.৫ নং কার্যক্রমের লক্ষ্যমাত্রা মোতাবেক নির্বাহী প্রকৌশলী (রঃ বেঃ) অফিসের বর্তমান পরিবেশ ও উন্নয়ন পরবর্তী পরিবেশ এর আলোকচিত্র সংরক্ষণ করবেন এবং উক্ত ছবিসহ কর্ম-পরিবেশ উন্নয়নের প্রতিবেদন নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>• অফিসে বিভিন্ন স্থানে বিক্ষিপ্তভাবে ছড়িয়ে ছিটিয়ে থাকা পুরাতন/ অকেজো আসবাবপত্র সমূহ নিলামে বিক্রয়ের জন্য | নির্বাহী প্রকৌশলী (রক্ষণাবেক্ষন) |

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | গঠিত কমিটি দ্রুত ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ৫. | শুদ্ধাচার পুরস্কার প্রদান। | • শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য কর্মকর্তা/ কর্মচারী বাছাইয়ের লক্ষ্যে সচিব কেডিএ, শুদ্ধাচার পুরস্কার নীতিমালার আলোকে চেয়ারম্যান মহোদয়ের নিকট কার্যক্রমের প্রস্তাব পেশ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | সচিব |
| ৬. | প্রকল্পের ডিপিপি প্রণয়নে সতর্কতা অবলম্বন। | • প্রকল্পের ডিপিপি বার বার সংশোধনের প্রবণতা পরিহার করতে হবে। সেজন্য ডিপিপি প্রণয়নের সময় দূরদর্শিতা, বিধিমালা ও অনুশাসন নীতিমালা অনুসরণ, সুস্পষ্টতা, প্রকল্প কাঠামো প্রণয়ন ইত্যাদি বিষয়ে সতর্কতা অবলম্বনের সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক<br>ও<br>নির্বাহী প্রকৌশলী (প্রকল্প) |
| ৭. | প্রকল্পের PSC ও PIC সভার কার্যবিবরণী ও বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ। | • প্রকল্পের PSC ও PIC সভার কার্যবিবরণী ও বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক<br>ও<br>নির্বাহী প্রকৌশলী (প্রকল্প) |
| ৮. | প্রকল্পের বাস্তব অগ্রগতি পর্যবেক্ষণ। | • প্রকল্পের বাস্তবায়ন পর্যায়ে প্রকল্প পরিচালক কর্তৃক নিবিড় পর্যবেক্ষণে রাখতে হবে। প্রতি সপ্তাহে কমপক্ষে একবার সরাসরি/ মাঠপর্যায়ে পর্যবেক্ষণ/ তদারকী করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>• সপ্তাহে একবার প্রকল্প পরিচালকবৃন্দ প্রকল্পের অগ্রগতি চেয়ারম্যান মহোদয়কে জানাবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>• সাপ্তাহিক অগ্রগতি সমন্বিত করে প্রতি কোয়ার্টারে একটি করে প্রতিবেদন শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ২.৩ নং কার্যক্রমের প্রমানক স্বরুপ নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | প্রকল্প পরিচালকবৃন্দ |
| ৯. | সেবা সপ্তাহ পালন | • শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩য় কোয়ার্টারে (জানুয়ারি/২০২২-মার্চ/২০২২) সেবা সপ্তাহ যথাযথভাবে পালনের জন্য বৈষয়িক শাখা, অথরাইজড শাখা এবং পরিকল্পনা শাখা কর্তৃক প্রস্তুতি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।<br>• উত্তম সেবাপ্রদানকারী শাখাকে পুরস্কৃত করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>• কর্তৃপক্ষের স্থপতি পুরষ্কারের ট্রফির ডিজাইন করে চেয়ারম্যান মহোদয়ের নিকট থেকে অনুমোদন করিয়ে নিবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>• পুরষ্কার প্রদানের ক্যাটাগরি ও সংখ্যা নির্ধারণ এবং প্রাইজ মানির পরিমাণ নির্ধারণ প্রসঙ্গে সুপারিশ প্রদানের জন্য কেডিএ'র সার্বক্ষনিক সদস্য (এস্টেট) বীর মুক্তিযোদ্ধা জনাব আবুল কালাম আজাদকে আহ্বায়ক এবং সচিব, পরিচালক (এস্টেট), অথরাইজড অফিসার ও পরিকল্পনা অফিসারকে সদস্য করে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলো।<br>• কমিটির সুপারিশ প্রথম কোয়র্টারের প্রারম্ভে কর্মকর্তা সমন্বয় সভায় উপস্থাপন করে অনুমোদন করিয়ে নেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | সার্বক্ষনিক সদস্য (এস্টেট)<br>সচিব<br>পরিচালক (এস্টেট)<br>অথরাইজড অফিসার<br>স্থপতি<br>উপ-পরিচালক (প্রশাসন)<br>পরিকল্পনা অফিসার |

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১০. | দাপ্তরিক ডকুমেন্ট সমূহের সফট কপির পাশাপাশি হার্ড কপি সংরক্ষণ। | • দাপ্তরিক সকল ডকুমেন্ট এর সফট কপির পাশাপাশি হার্ড কপি ও স্থায়ী, অস্থায়ী সকল ধরণের রেজিস্ট্রার সংরক্ষণ করার এবং সংরক্ষণ কার্যের অগ্রগতি প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির সভায় পর্যালোচনার সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট শাখা |
| ১১. | অনলাইনে ভূমি ব্যবহারের ছাড়পত্র প্রদান। | • কেডিএ'র সেবার মান উন্নত করণের জন্য চলমান অনলাইনে ভূমি ব্যবহারের ছাড়পত্র প্রদানের গতি আরও বেগবান করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>• ভূমি ব্যবহারের ছাড়পত্র সংক্রান্ত সেবা কার্যক্রমের প্রত্যয়নমূলক প্রতিবেদন (নিষ্পন্ন ও অনিষ্পন্নের কারণ উল্লেখসহ) প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | পরিকল্পনা অফিসার |
| ১২. | বাস টার্মিনালে অটোমেশন পদ্ধতি স্থাপন । | • আন্তঃজেলা বাসর্টামিনালে টার্মিনাল চার্জ আদায়ে অটোমেশন পদ্ধতি কার্যকর করার জন্য টার্মিনালে প্রবেশ ও নির্গমনের পৃথক পথ তৈরী করা হয়েছে। তাছাড়া বিক্ষিপ্তভাবে অবস্থানরত কাউন্টার সমূহকে এক ছাদের নিচে একত্রিত করা হয়েছে বিধায় বিক্ষিপ্তভাবে বাস দাড়ানো ও যাত্রী উঠা-নামানো বন্ধ হয়ে বাস প্রবেশ ও নির্গমন নিয়ন্ত্রিত হয়েছে এবং ড্রেনেজ ব্যবস্থার উন্নতি হওয়ায় জলাবদ্ধতা দূরীভূত হয়েছে। ফলে টার্মিনাল চার্জ আদায় দ্রুত ও সহজতর হয়েছে। শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ৩.৫ নং কার্যক্রমে এই অগ্রগতি ২য় কোয়ার্টারের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার অগ্রগতি প্রতিবেদনে সন্নিবেশ করার সিদ্ধান্ত গৃহীত হলো। পাশাপাশি লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪র্থ কোয়ার্টারের মধ্যে অটোমেশন পদ্ধতি যথাযথভাবে বাস্তবায়ন ও পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | পরিচালক (এস্টেট) |
| ১৩. | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন। | • প্রতি ত্রৈ-মাসিকে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করা এবং যথাযথ প্রমাণকসহ বাস্তবায়ন প্রতিবেদন প্রস্তুত করে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | বাস্তবায়ন সংশ্লিষ্ট শাখা ও কর্মকর্তাবৃন্দ। |

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২৭/১২/২০২১

ব্রিগেডিয়ার জেনারেল এস এম মিরাজুল ইসলাম, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান
কেডিএ, খুলনা
ও
সভাপতি
শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি।

স্মারক নং- ২৫.৪১.০০০০.০০৭.০৬.১৪.২১ (৪র্থ খন্ড) ৮৬২৫ তারিখ: ২৬ পৌষ, ১৪২৮
২৮ ডিসেম্বর, ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

০১। জনাব রুনু রেজা ( রুনু ইকবাল বিথার),সদস্য ( প্রশাসন ও অর্থ) কেডিএ, খুলনা ।
০২। বীর মুক্তিযোদ্ধা আবুল কালাম আজাদ,সদস্য ( এস্টেট), কেডিএ, খুলনা ।
০৩। প্রধান প্রকৌশলী, কেডিএ, খুলনা ।
০৪। সচিব , কেডিএ, খুলনা ও সদস্য, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি ।
০৫। পরিচালক ( এষ্টেট) , কেডিএ, খুলনা ।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী , কেডিএ, খুলনা ও সদস্য, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি ।
০৭। সিনিয়র বৈষয়িক অফিসার, কেডিএ, খুলনা।
০৮। নির্বাহী প্রকৌশলী (রঃবেঃ), কেডিএ, খুলনা।
০৯। অথরাইজড অফিসার, কেডিএ, খুলনা।
১০। অর্থ ও হিসাব রক্ষণ অফিসার (চঃদাঃ), কেডিএ, খুলনা ও সদস্য, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি ।
১১। উপ-পরিচালক (প্রশাসন), কেডিএ, খুলনা (নৈতিকতা কমিটির কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধসহ )।
১২। নির্বাহী প্রকৌশলী (পূর্ত), কেডিএ, খুলনা।
১৩। নির্বাহী প্রকৌশলী (প্রকল্প), কেডিএ, খুলনা।
১৪। পরিকল্পনা অফিসার, কেডিএ, খুলনা।
১৫। জনাব মুনতাসির মামুন, নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), কেডিএ, খুলনা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি।
১৬। সহকারী প্রোগ্রামার (জনাব মোঃ নাজমুল হুদা), কেডিএ, খুলনা ও সদস্য ,শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি (নৈতিকতা কমিটির কার্যবিবরণী শুদ্ধাচার সেবা বক্সে আপলোড করার অনুরোধসহ)।
১৭। উপ-পরিচালক (প্রশাসন) (চঃদাঃ) চেয়ারম্যান, কেডিএ, খুলনা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৭/১২/২০২১

(মোঃ মামুনুল আবেদীন)
উপ-পরিচালক ( বাঃ ও নিঃ) (চঃদাঃ)
কেডিএ, খুলনা
এবং
সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত
নৈতিকতা কমিটি।

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা

পরিশিষ্ট- "ক'

## ২২/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত কেডিএ'র নৈতিকতা কমিটির সভার হাজিরা

স্থানঃ কেডিএ সম্মেলন কক্ষ

সময়ঃ২.৩০ মিঃ

| ক্রঃনং | নাম ও পদবী | স্বাক্ষর | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১। | জনাব মোঃ ছাদেকুর রহমান<br>সচিব কেডিএ, খুলনা ও সদস্য শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি । | | |
| ০২। | জনাব শামীম জেহাদ<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী কেডিএ ,খুলনা ও সদস্য শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি । | | ০১৭৯৮২৫৬০৮ |
| ০৩। | জনাব এম এম হোসেন আলী<br>অর্থ ও হিসাব রক্ষণ অফিসার ,কেডিএ, সদস্য শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি । | | [illegible] |
| ০৪। | জনাব মোঃ মামুনুল আবেদীন, উপ-পরিচালক ( বাজেট ও নিরীক্ষা) ,কেডিএ , খুলনা এবং সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা , শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি । | 22/12/2021 | ০১৭১১৬০৮৫৭২ |
| ০৫। | জনাব মুনতাসির মামুন , নির্বাহী প্রকৌশলী ( চঃদাঃ), কেডিএ, খুলনা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি । | Muntasir Mamun 22/12/21 | 01818402919 |
| ০৬। | জনাব নাজমুল হুদা, সহকারী প্রোগ্রামার কেডিএ , খুলনা ও সদস্য শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি । | 22/12/22 | 01918-610898 |